

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
বান্দরবান পার্বত্য জেলা
তথ্য ও অভিযোগ শাখা

www.bandarban.gov.bd

সভাপতি দিলীপ কুমার বণিক
জেলা প্রশাসক
সভার তারিখ ২৮ জানুয়ারি ২০১৮ খ্রিঃ।
সভার সময় বিকাল ৩.০০ টা।
স্থান জেলা প্রশাসক এর সম্মেলন কক্ষ।
উপস্থিতি পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।


সভার প্রারম্ভে উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়ন করতে হলে সকল সদস্যদের তথ্য অধিকার আইন বিষয়ে ধারণা লাভ করতে হবে। সভায় তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়নের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। জেলায় কর্মরত সকল সরকারি ও বেসরকারি সংস্থা এবং দপ্তর সমূহকে তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালনের জন্য অনুরোধ জানানো হয়।

সভায় বিস্তারিত আলোচনাপ্রাপ্ত সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রঃনং | আলোচ্য সূচি | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|--------|--|---|--|
| ০১ | অধিকাংশ দপ্তরে তথ্য প্রদানকারী কর্মকর্তা নেই। ফলে জনগণের তথ্য প্রাপ্তি সম্ভব হচ্ছেনা। তাই সকল দপ্তরে তথ্য প্রদানকারী কর্মকর্তা দ্রুত নিয়োগ করা প্রয়োজন। | যে সকল দপ্তরে তথ্য প্রদানকারী কর্মকর্তা নেই সে সকল দপ্তরে তথ্য প্রদানকারী কর্মকর্তা নিয়োগ করতে হবে। তথ্য প্রদানকারী কর্মকর্তার নাম, পদবী ও ফোন নম্বর তথ্য বাতায়নে আপলোড করতে হবে। সিদ্ধান্তানুযায়ী যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য স্মারক নং-০৫. ৪২. ০৩০০. ০৪. ০০৬. ১৮. ২, তারিখ:০১/০২/২০১৮ মূলে পত্র দেয়া হয়েছে। | বিভাগীয় প্রধান (সকল) |
| ০২ | জেলা প্রশাসক এর কার্যালয় ব্যতীত অন্যান্য সকল দপ্তরের তথ্য বাতায়ন হালনাগাদ করা হচ্ছেনা। এ বিষয়ে দ্রুত পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | যে সকল দপ্তরের তথ্য বাতায়ন হালনাগাদ করা হচ্ছেনা সে সকল দপ্তরের তথ্য বাতায়নে তথ্য হালনাগাদ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। সিদ্ধান্তানুযায়ী যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য স্মারক নং -০৫. ৪২. ০৩০০. ০৪. ০০৬. ১৮. ২, তারিখ:০১/০২/২০১৮ মূলে পত্র দেয়া হয়েছে। | বিভাগীয় প্রধান (সকল) |
| ০৩ | তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়ন সংক্রান্ত সভা জেলা পর্যায়ের মধ্যে সীমাবদ্ধ না রেখে উপজেলা পর্যায়েও এ সংক্রান্ত সভার আয়োজন করা যেতে পারে। | উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসারগণ তথ্য অধিকার আইন বাস্তবায়ন জোরদারকরণ সংক্রান্ত সভার আয়োজন করবেন। | উপজেলা নির্বাহী অফিসার (সকল) |
| ০৪ | তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়নে সকল সদস্যকে ঐক্যবদ্ধভাবে কার্যক্রম পরিচালনা করতে হবে। এ বিষয়ে জেলা পর্যায়ে জনসচেতনতা বৃদ্ধির মাধ্যমে তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়ন নিশ্চিত করা সম্ভব। | জেলা পর্যায়ে তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়নের বিষয়ে জেলা তথ্য অফিস প্রয়োজনীয় প্রচারের ব্যবস্থা গ্রহণ করবেন। সিদ্ধান্তানুযায়ী যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য স্মারক নং-০৫. ৪২. ০৩০০ .০৪. ০০৬.১৮.১, তারিখ:০১/০২/২০১৮ মূলে পত্র দেয়া হয়েছে। | জেলা তথ্য অফিসার |
| ০৫ | উপজেলা পর্যায়ে তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়ন এবং জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে মার্চ পর্যায়ের কার্যক্রম পরিচালনা করতে হবে। | উপজেলা পর্যায়ে তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়নের বিষয়ে বিলবোর্ড স্থাপন করে জনসচেতনতা বৃদ্ধি করতে হবে। প্রয়োজনে সংশ্লিষ্ট এনজিওদের সমন্বয়ে কার্যক্রম পরিচালনা করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল) ও সংশ্লিষ্ট এনজিও |

| | | | |
|----|---|--|---|
| ০৬ | উপজেলা সমন্বয় সভার আলোচ্য সূচিতে তথ্য অধিকার আইন, ২০০৯ বিষয়ে অন্তর্ভুক্ত করা যেতে পারে। | স্ব স্ব উপজেলা নির্বাহী অফিসারগণ বিভিন্ন দপ্তর, সংস্থা ও এনিজিও প্রতিনিধিদের সমন্বয়ে তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়ন এবং তথ্য প্রদানে জটিলতা পরিলক্ষিত হলে তা সমাধানের চেষ্টা করবেন। | উপজেলা নির্বাহী অফিসার (সকল) |
| ০৭ | জেলা ও উপজেলা পর্যায়ে তথ্য অধিকার সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। | জেলা পর্যায়ের উপদেষ্টা কমিটির সমন্বয়ে এবং উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার ও সংশ্লিষ্ট এনজিওদের সমন্বয়ে প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা উপদেষ্টা কমিটি, উপজেলা নির্বাহী অফিসার (সকল) ও সংশ্লিষ্ট এনজিও |

অতঃপর সভাপতি উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



দিলীপ কুমার বণিক
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ০৫.৪২.০৩০০.৪০৫.০৪.০০৬.১৭.১১

তারিখ: ২৫ মাঘ ১৪২৪
০৭ ফেব্রুয়ারি ২০১৮

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ: উপসচিব, মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা)
- ২) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম।
- ৩) পরিচালক (গবেষণা, প্রকাশনা ও প্রশিক্ষণ), তথ্য কমিশন, প্রত্নতত্ত্ব ভবন (তৃতীয় তলা), আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরেবাংলা নগর ঢাকা।
- ৪), বান্দরবান পার্বত্য জেলা।



মুফিদুল আলম
অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট